



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd



নম্বর: ৩৮.০১.০০০০.১৪৩.১১.০০২.১৯- ২৬০/২৪২

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৭
৬০ নভেম্বর ২০২০

বিজ্ঞপ্তি

কিছু স্বার্থান্বেষী মহল মাঠ পর্যায়ে তথাকথিত প্যানেল হতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগের কথা বলে নিরীহ প্রার্থীদের কাছ থেকে অর্থ আদায় করছে মর্মে বিভিন্ন মাধ্যমে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের গোচরীভূত হয়েছে। এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ৩০ জুলাই ২০১৮ তারিখে সারাদেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষকের শূন্য পদে নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করে ৩০ আগস্ট ২০১৮ তারিখ পর্যন্ত আবেদন গ্রহণ করা হয়। সকল আনুষ্ঠানিকতা পালন করে ৩০ জুন ২০১৯ তারিখ পর্যন্ত সকল শূন্য পদ তথা ১৮,১৪৭টি পদে নিয়োগ প্রদান করা হয়েছে। নিয়োগ বিজ্ঞপ্তিতে কোন প্যানেল করার বিষয় উল্লেখ ছিল না। ফলে এ নিয়োগে কোন প্যানেল বা অপেক্ষমান তালিকা করা হয়নি। সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শূন্যপদে শিক্ষক নিয়োগ একটি রুটিন প্রক্রিয়া। ভবিষ্যতে পদ শূন্য হবে বিবেচনা করে প্যানেল করার কোন সুযোগ নেই। ৩০ জুন ২০১৯ তারিখের পর রাজস্বখাতে বিভিন্ন কারণে পদ শূন্য হয়েছে এবং ০২ জানুয়ারি ২০২০ তারিখে নবজাতীয়করণকৃত প্রাথমিক বিদ্যালয়সমূহে প্রাক-প্রাথমিক শ্রেণির জন্য সহকারী শিক্ষকের পদ সৃজিত হয়েছে। নিয়োগ বিজ্ঞপ্তি ছাড়া এসকল পদে কাউকে নিয়োগ দেয়া আইনানুগভাবে সম্ভব না হওয়ায় ১৮ অক্টোবর ২০২০ তারিখে নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে ২৪ নভেম্বর ২০২০ তারিখ পর্যন্ত ১৩ লক্ষাধিক প্রার্থী অনলাইনে আবেদন দাখিল করেছে।

২। বর্ণিত প্রেক্ষাপটে প্যানেল হতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগ করা হবে মর্মে বিভ্রান্ত হয়ে কোন স্বার্থান্বেষী মহলের প্ররোচনায় কোন প্রকার অর্থ লেনদেন না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। এখানে উল্লেখ্য যে, সম্পূর্ণ নিরপেক্ষভাবে ও স্বচ্ছতার ভিত্তিতে সরকারি বিধি বিধান অনুসারে প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগ করা হয়। অর্থ লেনদেন বা অন্য কোন অনৈতিক উপায়ে প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পদে নিয়োগ পাবার সুযোগ নেই।

আলমগীর মুহম্মদ মনসুরুল আলম
মহাপরিচালক (গ্রেড-১)

টেলিফোন-০২ ৫৫০৭৪৭৭৭

ইমেইল-dgprimarybd@gmail.com

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন ও পরিবীক্ষণ ইউনিট/উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো/জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ)
- ৪। বিভাগীয় কমিশনার (সকল)
- ৫। জেলা প্রশাসক (সকল)
- ৬। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল)
- ৭। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
- ৮। সম্পাদক/প্রকাশক/বিজ্ঞাপন ম্যানেজার,.....।(তার পত্রিকায় প্রকাশের অনুরোধসহ)
- ৯। অফিস কপি।